

৪.২ ইনোভেশন টিম

৪.২.১ ইনোভেশন টিমের উদ্দেশ্যঃ

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উত্তোবণী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পছ্টা উত্তোবণ ও চর্চার ক্ষেত্রে গড়ে তোলা ।

স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়ন, পরিবর্তনের বৃপ্তিকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উত্তোবণী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উত্তোবণকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পূর্হার বিকাশ সাধন এবং নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন, ইত্যাদি সেবা ও উত্তোবণীমূলক দায়িত্ব পালন করা ।

৪.২.২ ইনোভেশন টিমের কার্যপরিধি:

- স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়ন;
- এই সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন এবং বাস্তবায়ন;
- প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
- প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ বাস্তবায়ন প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা ।

৪.২.৩ চিফ ইনোভেশন/ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- স্ব স্ব কার্যালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- পরিবর্তনের বৃপ্তিকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনায়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উত্তোবণী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উত্তোবণকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পূর্হার বিকাশ সাধন এবং উত্তোবণী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- নাগরিক সেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- স্বীয় কার্যালয়ের সভাব্য সকল সেবাকে ই-সেবায় বৃপ্তিক্রমে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠি পত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা এবং উৎসাহিতকরণ;
- স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্তুষ্টি করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- জাতীয় আইসিটি নৈতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয় সাধন; এবং
- জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework)- এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনায়ন (standardization) ও ইন্টার অপারেবিলিটি নিশ্চিতকরণ ।

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং-০৮.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রাপ্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ এপ্রিল ২০১৩ তারিখের পত্র নং-০৮.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-২১ অনুসরণে এ বিভাগের জন্য নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে ইনোভেশন টিম পুর্ণগঠিত করা হয়ঃ

৪.২.৪ ইআরডি'র ইনোতেশন টিম এর গঠন নিম্নরূপঃ

১.	শাহ মোঃ আমিনুল হক অতিরিক্ত সচিব (আমেরিকা অধিশাখা)	-	সভাপতি
২.	জনাব মুহাম্মদ আলকামা সিদ্দিকী অতিরিক্ত সচিব (ইইপি অধিশাখা)	-	সদস্য
৩.	মুহাম্মদ ইয়ামিন চৌধুরী যুগ্ম সচিব (এডিবি-II অধিশাখা)	-	সদস্য
৪.	ড. মোঃ রেজাউল বাসার সিদ্দিকী উপ সচিব (উত্তরাবণ্যমূলক/জলবায়ু ফাইনাঞ্চিং ও গবেষণা)	-	সদস্য
৫.	জনাব মোঃ আবদুস ছোবহান সিস্টেমস এনালিষ্ট, আইসিটি সেল	-	সদস্য-সচিব